দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 MAY 1994 ...

পৃ. ... ৮২ ... কলাম ... ২ ...

82

## এসএসসি ॥ ভূগোল পরীক্ষায় সাড়ে ৭ শত বহিষ্কৃত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) ১৯৯৪ সালের এস,এস সি ভূগোল পরীক্ষায় সারাদেশে অসদুপায় অবলম্বনের দায়ে সাড়ে সাতশত পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। ঢাকা বোর্ডে ২০৩ জন, রাজশাহী বোর্ডে ১৮৬ জন, কুমিল্লা বোর্ডে ২৫৯ জন এবং যশোর বোর্ডে ৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। ঢাকা বোর্ড জানায়,

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

### এসএসসি

(শেষ পৃঃ পর)

মহানগরীতে বহিষ্কারের সংখ্যা ৫। ইহাছাড়া নারায়ণগঞ্জ জেলায় ৭ জন, নরসিংদী জেলায় ২৫জন, মুন্সিগঞ্জ জেলায় ৪ জন, মানিকগঞ্জ জেলায় ৩ জন, টাঙ্গাইল জেলায় ২০ জন, ফরিদপুর জেলায় ১৫ জন, মাদারীপুর জেলায় ২০ জন, শরিয়তপুর জেলায় ২ জন, রাজবাড়ি জেলায় ৯ জন, গোপালগঞ্জ জেলায় ৭ জন, ময়মনসিংহ জেলার ২৪ জন, কিশোরগঞ্জ জেলায় ১৬ জন, নেত্রকোনা জেলায় ২০ জন, জামালপুর জেলায় ১৮ জন, শেরপুর জেলায় ৪ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

কুমিল্লা সংবাদদাতা জানান: ফেনী জেলায় ২০ জন, নোয়াখালী খেলায় ৮৯ জন, হবিগঞ্জ জেলায় ২ জন, চাঁদপুর জেলায় ১৪ জন, খাগড়াছড়ি জেলায় ২ জন, রাঙ্গামাটি জেলায় ১ জন, সিলেট জেলায় ৫ জন, চট্টগ্রাম জেলায় ৬৯ জন, কুমিল্লা জেলায় ৫৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

যশোর বোর্ড জানায়: বরিশাল জেলায় ১১ জন, খুলনায় জেলায় ৭ জন, সাতক্ষীরা জেলায় ২ জন, বাগের হাট জেলায় ৯ জন, চুয়াডাঙ্গা জেলায় ৫ জন, মেহেরপুর জেলায়৬ জন, নড়াইল জেলায় ১১ জন, ঝিনাইদহ জেলায় ১০ জন, পিরোজপুর জেলায় ৬ জন, কুষ্টিয়া জেলায় ২১ জন ও যশোর জেলায় ১০ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

রাজশাহী বোর্ড জানায়: রাজশাহী জেলায় ১২জন, নবাবগঞ্জ জেলায় ১৪জন, নওগাঁ জেলায় ১৬জন, পাবনা জেলায় ১৪জন, সিরাজগঞ্জ জেলায় ২৫জন, জয়পুরহাটজেলায় ৫জন, রংপুর জেলায় ২৭জন, নীলফামারী জেলায় ৬ জন, কুড়িগ্রাম জেলায় ১৬ জন, দিনাজপুর জেলায় ২৫ জন, ঠাকুরগাঁও জেলায় ২০ জন, পঞ্চগড় জেলায় ৬ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে।

আমাদের সংবাদদাতারা জানান, রাঙ্গুনিয়ার ২ নং শিলক উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র হইতে ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে।

ফরিদপুরে: ৫টি কেন্দ্র হইতে ১৫ জন, নেত্রকোনা ৫টি কেন্দ্র হইতে ১৫ জন এবং রাজবাড়ী ৩টি কেন্দ্র হইতে ৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। পটুয়াখালীতে ২টি কেন্দ্র হইতে ৩ জনকে বহিষ্কার করা হয়। দশমিনা হাইস্কুল কেন্দ্রের পরীক্ষার্থিনী লিপিতাভ (১৬) বহিষ্কৃত হওয়ার সঙ্গে সঙ্গে কেন্দ্রের দোতলা কক্ষ হইতে লাফাইয়া পড়িয়া আত্মহত্যার চেষ্টা করে। গুরুতর আহত অবস্থায় তাহাকে থানা হাসপাতাল হইতে জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়।